# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৪১০২০৯৭১/পটুয়াখালী-২১১/২২৩ তারিখ: ০১ শ্রাবণ ১৪৩২ / ১৬ জুলাই ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পূর্ব খাজুর বাড়ীয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ আবদুল মতিন মাদ্রাসাটির সহ:সুপার মোঃ শফিকুল্লাহর বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করেছেন। সহ:কারী সুপার মোঃ শফিউল্লাহ বিভিন্ন অনৈতিক কাজে যুক্ত রয়েছে এবং সুপারকে জীবন নাশের হুমকি প্রদান করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বাউফল, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৪১০২০৯৭১/পটুয়াখালী-২১১/ তারিখ: ০১ শ্রাবণ ১৪৩২ / ১৬ জুলাই ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী;
৪. সভাপতি, পূর্ব খাজুর বাড়ীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-দাসপাড়া, বাউফুল, পটুয়াখালী;
৫ জনাব মোহাম্মদ আবদুল মতিন (অভিযোগকারী), পূর্ব খাজুর বাড়ীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-দাসপাড়া, বাউফুল, পটুয়াখালী;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৬.৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\মনিটর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

# পূর্ব খাজুর বাড়িয়া দাখিল মাদ্‌রাসা

ডাকঘরঃ দাসপাড়া, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী।
স্থাপিতঃ ১৯৮৬ ইং
EIN ঃ ১০২০৯৭, মাদ্‌রাসা কোড ঃ ১৭১৪৭।

স্মারক নং- পু/খা/বা/দা/মা/ তারিখ ঃ ১০/০৯/২০২৪খ্রিঃ

বরাবর,
রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বক্‌শি বাজার, ঢাকা।

**বিষয় ঃ অত্র মাদ্রাসার সহ-সুপার মোঃ শফিকুল্লাহ এর অনৈতিক কার্যকলাপের বিষয়ে সঠিক তদন্ত পূর্বক ন্যায় বিচার ও আমার কর্মস্থলে যাওয়ার নিরাপত্তা প্রদানের আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আবদুল মতিন, সুপার পূর্ব খাজুর বাড়ীয়া দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী। অত্র মাদ্রাসার সহ-সুপার মোঃ শফিকুল্লাহকে মাদ্রাসার ষান্মাষিক ও প্রাক বাছনিক পরীক্ষা পরিচালনার দায়িত্ব লিখিতভাবে প্রদান করি। উক্ত পরীক্ষা সারাদেশে স্থগিত হয়ে যাওয়ায় পরবর্তীতে তাকে মৌখিকভাবে আয়-ব্যয়ের হিসাব দেওয়ার জন্য বহুবার বলার পরেও তিনি গড়িমসি করে লিখিতভাবে আয়-ব্যয়ের হিসাব প্রদান করে নাই। গত ১৮/০৮/২০২৪ইং তারিখ তাকে উক্ত পরীক্ষার আয়-ব্যয়ের হিসাব চেয়ে চিঠি যাচনা করি (কপি সংযুক্ত) সে তা না রাখিয়া আমার অফিস কক্ষে আসিয়া আমার সাথে অশোভনীয় আচরণ করে এবং ভয়-ভীতি দেখায় এবং গত ২১/০৮/২০২৪ইং তারিখ মাদ্রাসায় সাংবাদিক আনিয়া মাদ্রাসার কোমলমতি শিক্ষার্থী ও এলাকার বখাটে ছেলে/মেয়েদের দিয়া সুপারের পদত্যাগ চাহিয়া শ্লোগান দিয়া বিভিন্ন ধরনের অপপ্রচার করে এবং আমি মাদ্রাসায় গেলে আমার অফিস কক্ষে আমাকে তালাবদ্ধ করিয়া রাখিবে ও জোড়পূর্বক আমার চাকুরী হইতে পদত্যাগ করাইবে এবং আমাকে হেনেস্থা করিবে মর্মে আমি ২২ আগস্ট, ২০২৪ইং তারিখে ফেসবুক মিডিয়া থেকে বিষয়টি জানিতে পারিয়াছি (কপি সংযুক্ত)। ইতিপূর্বে আমি বিষয়টি মৌখিক ও লিখিতভাবে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয়কে অবগত করিয়াছিলাম। তৎসময়ে পরিস্থিতির কারণে আমাকে ছুটিতে থাকতে বলেন, সেই অনুযায়ী আমি ছুটিতে আছি। গত ১৯/০৮/২০২৪ইং তারিখ হইতে আমি আমার চাকুরী ও জীবনের নিরাপত্তাহীনতার কারণে কর্মস্থলে যাইতে পারি নাই। এ বিষয়ে বাউফল থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়েছে, যার নং- ৭২৬, তারিখঃ ২৩/০৮/২০২৪ইং (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় আমার জীবনের নিরপত্তার বিষয়টি আপনার মাধ্যমে নিশ্চিত হয়ে কর্মস্থলে যাওয়া আবশ্যক। গত ০৫/০৯/২৪ইং তারিখে রোজ- বুধবার বিকাল ৪:৩০ মিনেটের সময় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় তার কার্যালয় মাদরাসার সাবেক ম্যানেজিং কমিটির সদস্য ও সকল শিক্ষকগনকে তার কার্যালয়ে সভা আহব্বান পূর্বক উপস্থিত করে সকলের সমন্বয়ে আমার বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগগুলো মিথ্যা ও ভিত্তিহীন বিধায় অত্র মাদ্রাসার সকল শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা আমার (সুপার) মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার পাস করিয়া দেন। তারপরেও আমার জীবনের নিরাপত্তার আশ্বাস না পেয়ে মাদরাসায় এখন পর্যন্ত যাইতে পারি নাই।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন ঘটনাটি সুষ্ঠু তদন্ত সাপেক্ষে যাহাতে ন্যায় বিচার পাইতে পারি ও আমার কর্মস্থলে নিরাপদে যাইতে পারি তাহার বিহীত বিধান করা মহোদয়ের সু-মর্জি হয়।

নিবেদক
২০/০৯/২৪ইং
(মোঃ আব্দুল মতিন)
সুপারিনটেনডেন্ট
পূর্ব খাজুর বাড়ীয়া দাখিল মাদ্‌রাসা
বাউফল, পটুয়াখালী।
মোবাঃ ০১৭৩৪-৫৪৯০৫৫

<u>সংযুক্তি ঃ</u>
১। বাউফল থানার সাধারণ ডায়েরী ১ ফর্দ।
২। সহ-সুপারের নিকট আয়-ব্যয়ের হিসাব চাহিয়া চিঠি ১ ফর্দ।
৩। বাউফলে মাদ্রাসা সুপার অপসারনেরদাবিতে বিক্ষোভ প্রকাশের ছবি ১ ফর্দ